

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ৪৩০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪২৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫১: আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

بَابُ الرَّجَاءِ - (51)

আরবী

وعن عبد الله بن عمرو بن العاص، رضي الله عنهما، أن النبي، صلى الله عليه وسلم، تلا قول الله عز وجل في إبراهيم، صلى الله عليه وسلم: (رب إنهن أضللن كثيراً من الناس فمن تبعني فإنه مني) ((إبراهيم: 36))، وقول عيسى، صلى الله عليه وسلم: (إن تعذبهم فإنهم عبادك وإن تغفر لهم فإنك أنت العزيز الحكيم) ((المائدة: 118))، فرفع يديه وقال: "اللهم أمتي أمتي" وبكى، فقال الله عز وجل: "يا جبريل اذهب إلى محمد وربك أعلم، فسله ما يبكيه؟" فأتاه جبريل، فأخبره رسول الله صلى الله عليه وسلم، بما قال: وهو أعلم، فقال الله تعالى: "يا جبريل اذهب إلى محمد فقل: إنا سنرضيك في أمتك ولا نسؤوك" ((رواه مسلم)).

বাংলা

১৪/৪৩০। আব্দুল্লাহ ইবনে 'আমর ইবনুল 'আস রাদিয়াল্লাহু 'আনহু কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইব্রাহীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ব্যাপারে আল্লাহর এ বাণী পাঠ করলেন, "হে আমার প্রতিপালক! এসব প্রতিমা বহু মানুষকে বিভ্রান্ত করেছে; সুতরাং যে আমার অনুসরণ করবে সে আমার দলভুক্ত, কিন্তু কেউ আমার অবাধ্য হলে তুমি তো চরম ক্ষমাশীল পরম দয়ালু।" (সূরা ইব্রাহীম ৩৬) এবং ঈসা আলাইহিস সালাম-এর উক্তি (এ আয়াতটি পাঠ করলেন), "যদি তুমি তাদেরকে শাস্তি প্রদান কর, তবে তারা তোমার বান্দা। আর যদি তুমি তাদেরকে ক্ষমা কর, তবে তুমি অবশ্যই প্রবল পরাক্রান্ত, প্রজ্ঞাময়।" (সূরা মায়েদাহ ১১৮ আয়াত) অতঃপর তিনি তাঁর হাত দু'খানি উঠিয়ে বললেন, "হে আল্লাহ! আমার উম্মত, আমার উম্মত।"

অতঃপর তিনি কাঁদতে লাগলেন। আল্লাহ আয্যা অজাল্ল বললেন, 'হে জিব্রীল! তুমি মুহাম্মাদের নিকট যাও---আর তোমার রব বেশী জানেন---তারপর তাকে কান্নার কারণ জিজ্ঞাসা কর?' সুতরাং জিব্রীল তাঁর নিকট এলেন।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে সে কথা জানানেন, যা তিনি (তাঁর উম্মত সম্পর্কে) বলেছিলেন--- আর আল্লাহ তা অধিক জানেন। অতঃপর আল্লাহ তা'আলা বললেন, 'হে জিব্রীল! তুমি (পুনরায়) মুহাম্মাদের কাছে যাও এবং বল, আমি তোমার উম্মতের ব্যাপারে তোমাকে সন্তুষ্ট করে দেব এবং অসন্তুষ্ট করব না।' (মুসলিম) [1]

English

(51) Chapter: Hope in Allah's Mercy

'Abdullah bin 'Amr bin Al-'as (May Allah be pleased with them) reported: The Prophet (ﷺ) recited the Words of Allah, the Exalted, and the Glorious, about Ibrahim (ﷺ) who said: "O my Rubb! They have led astray many among mankind. But whosoever follows me, he verily, is of me". (14:36) and those of 'Isa (Jesus) (ﷺ) who said: "If You punish them, they are Your slaves, and if You forgive them, verily, You, only You, are the All-Mighty, the All-Wise". (5:118). Then he (ﷺ) raised up his hands and said, "O Allah! My Ummah, my Ummah," and wept; Allah, the Exalted, said: "O Jibril (Gabriel)! Go to Muhammad (ﷺ) and ask him: 'What makes you weep?'" So Jibril came to him and asked him (the reason of his weeping) and the Messenger of Allah informed him what he had said (though Allah knew it well). Upon this Allah said: "Jibril, go to Muhammad (ﷺ) and say: 'Verily, We will please you with regard to your Ummah and will never displease you'".

[Muslim].

Commentary: This Hadith makes two points clear:

Firstly, the kindness and mercy which the Prophet (PBUH) had for his Ummah, a full manifestation of which will be seen on the Day of Resurrection.

Secondly, the love that Allah has for His Prophet, Muhammad (PBUH). Both these benefits will then go to the advantage of the faithful Muslims as they will be then blessed with Mercy and forgiveness of Allah. May Allah include us among them.

ফুটনোট

[1] মুসলিম ২০২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23394>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন